# 2022

## M.A.

## 4th Semester Examination

## BENGALI

## PAPER—BNG-405

*Full Marks* : 40

*Time* : 2 Hours

*The figures in the margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## BNG–405A ভাষাবিজ্ঞান ও ভাষা তত্ত্ব

### বিভাগ — ক

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ২

১। প্রমুখনের সংজ্ঞা দাও উদাহরণ সহযোগে।

২। পানিনির ব্যাকরণের দুজন ভাষ্যকারের নাম ও তাঁদের গ্রন্থের নাম লেখো।

৩। 'Dichotic listening' পরীক্ষার সাহায্যে কী প্রমাণিত হয়েছে?

৪। ভাষা শিক্ষার Critical period কোন বয়স? -এর গুরুত্ব কী?

৫। পাইলট সার্ভে কাকে বলে?

৬। ভাষাতাত্ত্বিক ভূগোল বলতে কী বোঝ?

## বিভাগ — খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৪

৭। বাংলা কবিতার শৈলী বিচারে সমান্তরালতা বিষয়টি দৃষ্টান্ত দিয়ে বোঝাও।

৮। টীকা লেখো ঃ নির্বাচন।

৯। টীকা লেখো ঃ Broca's Aphesia অথবা স্যোসুরের 'Sign Theory'।

১০। প্রথম ভাষা শিক্ষার স্তরগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১১। পারস্পরিক বোধগম্যতা (Mutual Intelligibility) বলতে কী বোঝ? উপভাষা সমীক্ষার ক্ষেত্রে এর গুরুত্ব কোথায়?

১২। টীকা লেখো ঃ উপভাষা মানচিত্র (Dialectal Atlas)।

## বিভাগ — গ

যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×৮

১৩। বিচ্যুতির ধরণগুলি উদাহরণসহ লেখো।

১৪। বাক্যের অন্তর্নিহিত অর্থ আলোচনার ক্ষেত্রে প্রয়োগতত্ত্বের পরিচয় দাও।

১৫। তুলনামূলক ঐতিহাসিক ভাষাচর্চার উদ্ভব ও পদ্ধতি সম্পর্কে আলোচনা করো।

১৬। ঝাড়খন্ডী উপভাষার প্রচলনভূমি, শ্রেণিভেদ এবং ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণসহ লেখো।

———

## BNG–405B মধ্যযুগের সাহিত্য পাঠ

### বিভাগ — ক

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ২

১। দীনেশচন্দ্র সেন উদ্ধৃত কৃত্তিবাসের আত্মবিবরণীতে কৃত্তিবাসের জন্মতিথি নির্দেশক শ্লোকটি উদ্ধার করো।

২। বৃন্দাবন দাস রচিত 'চৈতন্যভাগবত'-এর নাম পূর্বে কী ছিল? এই নাম পরিবর্তনের প্রধান কারণ কী?

৩। 'চৈতন্যভাগবত'-এর প্রধান দুটি বিশেষত্ব নির্দেশ করো।

৪। দৌলতকাজী কোন্ রাজার রাজসভায় কার নির্দেশে 'লোর চন্দ্রাণী ও সতীময়না' কাব্যটি রচনা করেছিলেন?

৫। 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্যটির উৎস নির্দেশ করো।

৬। ঘনরামের ধর্মমঙ্গল কাব্যের রচনা সমাপ্তিকাল নির্দেশক শ্লোকটি লেখো।

### বিভাগ — খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৪

৭। কৃত্তিবাসী রামায়ণে কবির স্ব-সংযোজিত কাহিনীগুলি সূত্রাকারে উল্লেখ করো।

৮। টীকা লেখো ঃ গৌরতত্ত্ব।

৯। টীকা লেখো ঃ হরিদাস মাহাত্ম্য।

১০। টীকা লেখো ঃ বুদ্ধিশিখা চরিত্র।

১১। 'লোরচন্দ্রাণী ও সতীময়না' কাব্যের শেষাংশে আলাওল সংযোজিত কাহিনীর গুরুত্ব ও তাৎপর্য নির্দেশ করো।

১২। টীকা লেখো ঃ লখাই ডোমনী।

বিভাগ — গ

যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×৮

১৩। "এই বাংলা মহাকাব্যে কবি বাল্মীকির সময়ের সামাজিক আদর্শ রক্ষিত হয় নাই। ইহার মধ্যে প্রাচীন বাঙালী সমাজই আপনাকে ব্যক্ত করিয়াছে।" — কৃত্তিবাসী রামায়ণ সম্পর্কে সমালোচকের এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো।

১৪। চৈতন্যের বাল্য-কৈশোর লীলা বর্ণনায় বৃন্দাবন দাসের বিশিষ্ট দৃষ্টিভঙ্গীর পরিচয় দাও।

১৫। 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্যের চন্দ্রাণী চরিত্রটি বিশ্লেষণ করে তার স্বাতন্ত্র্যের ও আধুনিকতার দিকটি চিহ্নিত করো।

১৬। ধর্মমঙ্গল কাব্যে বীরাঙ্গনা নারী চরিত্র সৃষ্টিতে ঘনরামের কৃতিত্বের পরিচয় দাও।

---

## BNG–405E লোকসাহিত্য ও লোকসংস্কৃতি তত্ত্ব ও পাঠ

### বিভাগ — ক

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×২

১। প্রবাদের সংজ্ঞা দাও।

২। ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতির প্রবক্তা কারা?

৩। টাইপ কাকে বলে?

৪। 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থে কী জাতীয় লোককথা সংগৃহীত আছে? এই সংকলনের মোট লোককথার সংখ্যা কত? ১+১

৫। দৃষ্টান্ত সহযোগে গীতিকার যে কোনো একটি বৈশিষ্ট্যে লেখো।

৬। দক্ষিণ-পশ্চিম-সীমান্ত বঙ্গের যেকোনো দুটি লোকগীতি ধারার নাম লেখো।

বিভাগ — খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৪

৭। লোক-সংস্কৃতির একটি আদর্শ সংজ্ঞা রচনা করো।

৮। লোকসাহিত্য সংরক্ষণে দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের অবদান সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

৯। দক্ষিণবঙ্গের লোকনৃত্যের ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০। টীকা লেখো ঃ গম্ভীরা।

১১। মার্ক্সীয় পদ্ধতির মূলনীতিটি বিশ্লেষণ করো।

১২। টীকা লেখো ঃ ট্যাবু।

## বিভাগ — গ

যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×৮

১৩। লোকসাহিত্যের সংজ্ঞা দাও এবং এর বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহ আলোচনা করো। ২+৬

১৪। মনস্তাত্ত্বিক পদ্ধতির মূলনীতি আলোচনা করে লোকসাহিত্যে এই পদ্ধতি প্রয়োগের গুরুত্ব বিচার করো।

১৫। মোটিফ কাকে বলে? মোটিফ সৃষ্টির ইতিহাস লেখো। মোটিফ ইনডেক্সটির বর্ণনা দাও। $১\frac{১}{২}+১\frac{১}{২}+৫$

১৬। বাংলা লোককথায় লোকায়ত বাংলার আর্থ-সামাজিক জীবনের কথা প্রকাশিত হয়েছে – মন্তব্যটির আলোকে 'ঠাকুরমার ঝুলি'র যেকোনো একটি লোককথাকে বিচার করো।

---

## BNG–405H বাংলা ও প্রতিবেশী সাহিত্য পাঠ

### বিভাগ — ক

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ২

১। প্রকাশকালসহ মুন্সী প্রেমচাঁদের দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

২। 'জীবনে বুঝালি, মরণেও বুঝালি।' — কার, কোন উপলব্ধির কথা এখানে প্রকাশিত হয়েছে?

৩। মহাদেবী বর্মার 'ক্যা পূজন ক্যা অর্চন রে' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটি কবে প্রকাশিত হয়েছিল?

৪। 'স্বপ্নময়ী' নাটকটি কবে প্রকাশিত হয়েছিল? নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল? ১+১

৫। 'কারেঙর লিগিরী' নাটকে কতগুলি গান আছে? গানগুলির মধ্যে দিয়ে কোন্ সংস্কৃতির পরিচয় পাওয়া যায়?

৬। ফকিরমোহন সেনাপতির 'ছ মণ আঠ গুণ্ঠ' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? তাঁর লেখার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

## বিভাগ — খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৪

৭। বাংলা ও তার প্রতিবেশী সাহিত্যের তুলনামূলক আলোচনার প্রাসঙ্গিকতা বিচার করো।

৮। ‘‘শরৎচন্দ্রের ‘অভাগীর স্বর্গ’ গল্পে বর্ণনা ও প্রেমচন্দের ‘কফন’ গল্পে ব্যাখ্যা – সৃষ্টির ক্ষেত্রে কৌশলগত পরিপূরকতা এনেছে।” – অভিমতটির গুরুত্ব বিচার করো।

৯। শ্মশান সৎকারের বর্ণনায় মুন্সী প্রেমচাঁদের ‘কফন’ এবং শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘অভাগীর স্বর্গ’ গল্প দুটির মধ্যে যে বৈসাদৃশ্যগুলি পরিলক্ষিত হয়েছে সেগুলির পরিচয় দাও।

১০। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘সীমার মাঝে অসীম তুমি’ এবং মহাদেবী বর্মার ‘ক্যা পূজন ক্যার অর্চন রে’ কবিতা দুটির তুলনামূলক আলোচনা করো।

১১। জ্যোতিপ্রসাদ আগরওয়ালার 'কারেঙর লিগিরী' এবং জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'স্বপ্নময়ী' নাটক দুটিতে যে নামকরণগত সাদৃশ্য রয়েছে তার পরিচয় দাও।

১২। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দুর্গেশনন্দিনী' ও ফকিরমোহন সেনাপতির 'ছ মণ আঠ গুণ্ঠ' উপন্যাস দুটির মধ্যে যে পার্থক্যগুলি খুঁজে পাওয়া যায় সেগুলি বিশ্লেষণ করো।

## বিভাগ — গ

যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×৮

১৩। শরৎচন্দ্রের 'অভাগীর স্বর্গ' ও প্রেমচন্দের 'কফন' গল্পের তুলনামূলক আলোচনার মধ্যে দিয়ে শরৎচন্দ্র ও প্রেমচন্দের ব্রাত্যজীবন ভাবনার স্বরূপ বিশ্লেষণ করো।

১৪। জ্যোতিপ্রসাদ আগরওয়ালার 'কারেঙর লিগিরী' এবং জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'স্বপ্নময়ী' নাটক দুটির তুলনামূলক আলোচনা করো।

১৫। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দুর্গেশনন্দিনী' ও ফকিরমোহন সেনাপতির 'ছ মণ আঠ গুণ্ঠ' উপন্যাস দুটির মধ্যে যে সাদৃশ্যগুলি পরিলক্ষিত হয় সেগুলি বিশ্লেষণ করো।

১৬। রবীন্দ্রনাথের কাব্যভাবনার সাথে হিন্দি সাহিত্যের ছায়াবাদী কবি মহাদেবী বর্মার কাব্যভাবনাগত বিভিন্ন ঐক্যের সম্মিলন লক্ষ করা যায়। — রবীন্দ্রনাথ ঠাকুরের 'সীমার মাঝে অসীম তুমি' এবং মহাদেবী বর্মার 'ক্যা পূজন ক্যা অর্চন রে' কবিতা দুটির বিশ্লেষণের মধ্যে দিয়ে অভিমতটির গুরুত্ব বিচার করো।

———